দৈনিক বাংলা

তারিখ ... 10 MAY 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬

14

৩৭

# আজ ৪ বোর্ডের এস এস সি পরীক্ষা শুরু

॥ স্টাফ রিপোর্টার ॥

আজ বৃহস্পতিবার থেকে দেশের চারটি শিক্ষা বোর্ডের অধীনে ১৯৯০ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা শুরু হচ্ছে। সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের জন্য চারটি বোর্ডের সকল প্রস্তুতি ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে। এসএসসি পরীক্ষাকে নকলমুক্ত রাখার জন্যে এবার সম্ভাব্য সবরকম ব্যবস্থা জোরদার করা হয়েছে।

এবারের এসএসসি পরীক্ষায় চারটি বোর্ডের অধীনে সর্বমোট চার লাখ ৫৪ হাজার ৩৭৮ জন ছাত্র-ছাত্রী অংশ নিচ্ছে। এরমধ্যে ছাত্রীর সংখ্যা এক লাখ ৪৮ হাজার ৬৯১ জন। ঢাকা বোর্ডের পরীক্ষার্থী ছাত্র-ছাত্রীর সংখ্যা এক লাখ ৩৯ হাজার ৩৭০ জন। কুমিল্লা বোর্ডের ছাত্র-ছাত্রীর সংখ্যা এক লাখ ১৮ হাজার ৩৩৪ জন। রাজশাহী বোর্ডে এক লাখ পাঁচ হাজার ৫০০ জন এবং যশোর বোর্ডে ৯১ হাজার ১৪৫ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে।

এবছর চারটি বোর্ডের অধীনে পরীক্ষা কেন্দ্রের সংখ্যা ৫০২টি। এরমধ্যে বিদেশে ৯টি কেন্দ্রসহ ঢাকা বোর্ডের পরীক্ষা কেন্দ্র ১৪০টি, কুমিল্লা বোর্ডের ১২৮টি, রাজশাহী বোর্ডের ১৩১টি ও যশোর বোর্ডের ১০৩টি

(৪-এর পৃঃ দ্রঃ)

## ঢাকায় পরীক্ষা কেন্দ্রের দুই সচিব ও ২২ জন পরিদর্শক ব্ল্যাকলিস্টেড

॥ স্টাফ রিপোর্টার ॥

ঢাকা শিক্ষা বোর্ড পরীক্ষা কেন্দ্রের দু'জন সচিব ও ২২ জন পরীক্ষা পরিদর্শককে ব্ল্যাকলিস্ট করেছে। এদেরকে দেয়া সরকারী সুযোগ-সুবিধাও কেড়ে নেয়া হয়েছে। বোর্ডের উচ্চ পর্যায়ের

(৪-এর পৃঃ দ্রঃ)

## পরীক্ষা শুরু

(প্রথম পৃঃ পর)

পরীক্ষা কেন্দ্র।

গতবারের মত এবারও ঢাকা বোর্ডের অধীনে সর্বাধিক ছাত্র-ছাত্রী পরীক্ষা দিচ্ছে। দ্বিতীয় সর্বাধিক ছাত্র-ছাত্রী পরীক্ষা দিচ্ছে কুমিল্লা বোর্ডের অধীনে। ঢাকা বোর্ডের অধীনে বিদেশের ৯টি কেন্দ্রে এবার ৬৭ জন ছাত্র-ছাত্রী পরীক্ষা দিচ্ছে। চারটি শিক্ষা বোর্ডের অধীনে এবার প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে ১৭ হাজার ৩২৭ জন ছাত্র-ছাত্রী এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। উল্লেখ্য, গত বছর এসএসসি পরীক্ষায় সর্বমোট ছাত্রছাত্রীর সংখ্যা ছিল চার লাখ ৪৫ হাজার ৪৬২ জন।

সংশ্লিষ্ট সূত্রে বলা হয়েছে, এবারের এসএসসি পরীক্ষায় নকল প্রতিরোধের সর্বাত্মক প্রচেষ্টা নেয়া হবে। ইতিমধ্যেই এ ব্যাপারে বিভিন্ন কার্যকর পদক্ষেপ নেয়া হয়েছে। পরীক্ষা চলাকালীন সময়ে কেন্দ্রে সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার লক্ষ্যে পরীক্ষা কেন্দ্রের দুইশত গজের মধ্যে ১৪৪ ধারা বলবৎ থাকবে। এছাড়া প্রতিটি কেন্দ্রেই অতিরিক্ত পুলিশ মোতায়েনের ব্যবস্থা করা হয়েছে। সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য চারটি বোর্ড থেকেই সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও কেন্দ্রের সচিবের প্রতি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেয়া হয়েছে।

পরীক্ষা কেন্দ্রগুলোকে নিয়ন্ত্রণের জন্যে এবার ইতিমধ্যেই জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে সমাজের সর্বস্তরের জনপ্রতিনিধি নিয়ে স্থানীয় কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির সদস্যরা পরীক্ষা চলাকালীন সময়ে সর্বক্ষণ পরীক্ষাকেন্দ্র পরিদর্শন করবেন।

এছাড়া এবারের এসএসসি পরীক্ষায় প্রতিটি কেন্দ্রের আসন ব্যবস্থা, পরীক্ষার্থীদের আচরণ, পরিদর্শনের মান, পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে কেন্দ্র কর্তৃপক্ষের দৃষ্টিভঙ্গী এবং কেন্দ্রে পুলিশ পাহারা ব্যবস্থা সরেজমিনে তদারকীর লক্ষ্যে চারটি বোর্ডের অধীনে ৮০টি ভিজিলেন্স টীম কাজ করবে। বোর্ডের কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত এই টিম গোপনে ও আকস্মিকভাবে পরীক্ষা চলাকালীন সময়ে কেন্দ্রগুলি পরিদর্শন করবেন। ঢাকা বোর্ডের ভিজিলেন্স টিমের সংখ্যা ২৯টি।

ঢাকা মহানগরীতে এবার মোট ২৩ হাজার ৪১৩ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে। এদের মধ্যে ১১ হাজার ৩২১ জন ছাত্রী। সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠানের জন্য ঢাকা মহানগরীকে পাঁচটি জোনে ভাগ করা হয়েছে। একাধিক ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে গঠিত ভিজিলেন্স টিম এসব মহানগরীর কেন্দ্রসমূহ পরিদর্শন করবে।